

# সড়ক থেকে সাত কলেজের শিক্ষার্থীদের সরিয়ে দিয়েছে পুলিশ

অনলাইন ডেস্ক

২১ জুন ২০২৩ ১০:৫২ পিএম | আপডেট: ২১ জুন ২০২৩

১০:৫২ পিএম

4

Shares



ছবি: সংগৃহীত

advertisement..

সিজিপিএ শর্ত শিথিল করে প্রমোশনের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষার্থীদের সড়ক থেকে সরিয়ে দিয়েছে পুলিশ। আজ বুধবার রাত সাড়ে ৯টার দিকে লাঠিচার্জ করে আন্দোলনরত শিক্ষার্থীদের সরিয়ে দেয় পুলিশ। এ সময় ঘটনাস্থল থেকে ৬ শিক্ষার্থীকে আটক করা হয়েছে।

এর আগে বুধবার রাত ৮টা ১৪ মিনিটের দিকে সড়ক অবরোধ ছেড়ে দেওয়ার জন্য ১০ মিনিট সময় বেঁধে দেয় পুলিশ। কিন্তু আন্দোলনকারীরা সড়ক অবরোধ প্রত্যাহার না করায় অবশেষে লাঠিচার্জ করে তাদের সরিয়ে দেয়। এ সময় ঘটনাস্থল থেকে ৬ শিক্ষার্থীকে আটক করা হয়। তাদের নাম পরিচয় জানা যায়নি।

এদিকে শিক্ষার্থীরা সড়ক থেকে সরে যাওয়ায় নিউমার্কেট এলাকায় পুনরায় যান চলাচল শুরু হয়েছে।

এর আগে দুপুর ১২টায় নিউমার্কেটের বলাকা সিনেমা হলের সামনে জড়ো হন আন্দোলনকারী শিক্ষার্থীরা। পরে সাত কলেজের শিক্ষকরা এসে আলোচনার জন্য শিক্ষার্থীদের ইডেন কলেজের সামনে নিয়ে আসেন। শিক্ষার্থীদের একটি প্রতিনিধি দল ইডেন কলেজের অধ্যক্ষ ও সাত কলেজের সমন্বয়ক (ফোকাল পয়েন্ট) অধ্যাপক সুপ্রিয়া ভট্টাচার্যের সাথে দেখা করতে তার কার্যালয়ে প্রবেশ করে। আন্দোলনরত অন্য শিক্ষার্থীরা ইডেন কলেজের সামনে অবস্থান করে। আলোচনা শেষে শিক্ষার্থীদের ছয়টি দাবি মেনে নিলেও একটি মানেনি প্রশাসন। তাই এক দফা দাবিতে ইডেন কলেজের সামনে থেকে মিছিল নিয়ে নীলক্ষেতে এসে পুনরায় অবরোধ করেন শিক্ষার্থীরা।

রাস্তা থেকে সরে যাওয়ার জন্য পুলিশ এবং সাত কলেজের শিক্ষক প্রতিনিধিদের পক্ষ থেকে একাধিকবার অনুরোধ জানানো হয়। কিন্তু শিক্ষার্থীরা তাদের দাবিতে অনড় থাকায় তাদের সড়ক থেকে সরানো যায়নি। অবশেষে পুলিশ লাঠিচার্জ করে তাদের সরিয়ে দেয়।